

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা বিভাগ

এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ

সমন্বয় শাখা-২

১৯ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ

নং-২০.৮০৪.০১৪.০০.০০.০১৪.২০১২ (অংশ-১)-৯৩

তারিখঃ -----


পরিপত্র

০২ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়:** সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র-২০০৮ এর সংশোধন।

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র-২০০৮ এ (নংপবি/এনইসি/সমন্বয়-২/পরিপত্র/২৯/২০০৭/৪৮; তারিখ: ২৯ মে ২০০৮) প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে বিগত ০৫/০৪/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরূপ পরিবর্তন করা হয়েছে:

- (ক) প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভার সুপারিশক্রমে অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত বিনিয়োগ প্রকল্প অনুমোদনের জন্য সার-সংক্ষেপ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নিকট উপস্থাপন করতে হবে।
  - (খ) বিনিয়োগ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে হলে পিইসি সভার সুপারিশক্রমে তা অনুমোদনের জন্য সার-সংক্ষেপ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় উপস্থাপন করতে হবে।
  - গ) বৈদেশিক সহায়তা এবং জিওবি অর্থসহ অনূর্ধ্ব ১০ (দশ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ের কারিগরি সহায়তা প্রকল্প বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি'র (ডিএসপিইসি) সভার সুপারিশক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের কারিগরি সহায়তা প্রকল্পের অনুমোদন পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াকরণ করা হবে।
- ২। এ পরিপত্রটি সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র -২০০৮ এর ১.১৩; ৭.১ ও ৭.২ অনুচ্ছেদ সমূহের প্রযোজ্য অংশের প্রতিস্থাপন বলে গণ্য হবে।
- ৩। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

  
২/৫/১৬  
(মো: হেলাল উদ্দিন)

যুগ্ম-প্রধান

এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সদস্য (সকল),..... বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধান (সকল) ..... বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। উপ-প্রধান (একনেক)/উপ-সচিব (এনইসি ও সমন্বয় অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।